গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ভালুকা ও মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব'কে ভালুকা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি সভায় জানান যে গবাদি পশুর সেবা শুশ্রাসা নিশ্চিত করতে হবে গরু মোটাতাজা করনের জন্য সর্বপ্রথম গরুর শশ্রাসা নিশ্চিত করতে হবে গরুরঘর পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে ও প্রয়োজনী বিশুদ্ধ পানি খাওয়াতে হবে এবং গোসল করাতে হবে । পুষ্টিকর খাবার তাজা ঘাস খাওয়াতে হবে যত্ন নিলে বিক্রির সময় ভাল দাম পাওয়া যাবে চাষীগণ লাভবান হবে পারবে এজন্য প্রয়োজনী সহযোগীতা আমাদের প্রদান করতে হবে ।<br>ক. উপজেলা মৎস্য অফিসার, ভালুকা সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান এবং পাশাপাশি পিরানহা এবং আফ্রিকান মাগুর মাছ যাতে কেউ চাষ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান পাবদা, গুলশা এবং শিং সহ অন্যান্য মাছ চাষের ক্ষেত্রে আপডেট টেকনোলজি গ্রহণের মাধ্যমে কম খরচে মাছ চাষ করার জন্য তিনি সকলকে আহবান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনী ব্যবস্থা নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়।<br>ভালুকা উপজেলায় সকল গরু চাষী ভালোলাভ যাতে করতে পারে সংশ্লিষ্ট কর্তৃ পক্ষকে তা নিশ্চিত করতে হবেএবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং- উপ.মৎস্য.অ/ভা.ম/উপজেলা কমিটি/২০২২- তারিখঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান..........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ভালুকা, ময়মনসিংহ।